চট্টগ্রাম রবিবার ৫ জুন ২০২২
দৈনিক পূর্বকোণ
মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত
রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৭তম বর্ষ ১০৭তম সংখ্যা । । ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ । । ৪ জিলকদ ১৪৪৩ হিজরি । । Sunday 5 June 2022 । । ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone








*আইআইইউসির শরীয়া ফ্যাকাল্টিতে কম্পিউটার ল্যাবের উদ্বোধন করছেন ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি ও ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ*

# তথ্য প্রযুক্তি সর্বক্ষেত্রে খুলে দিয়েছে অপার সম্ভাবনার দ্বার : নদভী এমপি

আইআইইউসিতে কম্পিউটার ল্যাব উদ্বোধন

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় (আইআইইউসি) এর শরীয়া ফ্যাকাল্টিতে গত ৩০ মে ওয়ার্ল্ড এসেম্বলি অব মুসলিম ইয়ুথ- 'ওয়ামী'র অর্থায়নে কম্পিউটার ল্যাবের উদ্বোধন করা হয় । ফিতা কেটে কম্পিউটার ল্যাবের উদ্বোধন করেন, আইআইইউ-সির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজা-মুদ্দিন নদভী এমপি। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আইআইইউসি ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। শরীয়া ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. শাকের আলম শাওক এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন, বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মাছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এ.এফ.এম আখতারুজ্জামান কায়সার, ফিমেল ক্যাম্পাসের কো-অর্ডিনেটর ফারহানা ইয়াসমিন চৌধুরী, স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের অতিরিক্ত পরিচালক মুহাম্মদ মাহফুজুর রহমান, পারচেজ ডিভিশনের অতিরিক্ত পরিচালক ফয়সাল চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি বলেন, বাংলাদেশ দ্রুত উন্নতি করেছে তথ্যপ্রযুক্তির প্রতিটি ক্ষেত্রে। বিগত সাত বছরে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অভিযাত্রায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অভূতপূর্ব সম্প্রসারণ ঘটেছে। প্রযুক্তিভিত্তিক তথ্য ও সেবা পৌঁছে গেছে সাধারণ মানুষের দোরগোড়ায়। ড. আবু রেজা নদভী এমপি বলেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সর্বক্ষেত্রেই খুলে দিয়েছে অপার সম্ভাবনার দ্বার। তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন তরুণ প্রজন্মের হাত ধরে বাংলাদেশ সমৃদ্ধির দিকে এগিয়ে যাবে।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 05 June 2022, Page: 3, Col: 2
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-06-5

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

রবিবার
চট্টগ্রাম
৫ জুন ২০২২
২২ জ্যৈষ্ঠ ১৪২৯
৪ জিলক্বদ ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-১৬৬

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৬ টাকা

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার
02-334455071-6
02-334451901-6
মোবাইল নাম্বার
01976-022111
01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

শুভ সকাল
আলো জ্বললো পদ্মা সেতুর ল্যাম্প পোস্টে

দশ কথার এক কথা
দলীয় সরকারের অধীনে নির্বাচন চ্যালেঞ্জিং : সাবেক সিইসি নুরুল হুদা

চট্টগ্রামে শনাক্ত ১,২৬,৬৩৮ মৃত্যু ১,৩৬২

শেষ পাতায়
মুক্তিযুদ্ধে পরাজিত শক্তির এজেন্ডা বাস্তবায়ন করতে চায় বিএনপি

# আইআইইউসি শরীয়া ফ্যাকাল্টিতে কম্পিউটার ল্যাব উদ্বোধন

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় (আইআইইউসি) এর শরীয়া ফ্যাকাল্টিতে ওয়ার্ল্ড এসেম্বলি অব মুসলিম ইয়ুথ (ওয়ামী) এর অর্থায়নে কম্পিউটার ল্যাব উদ্বোধন করা হয় ৩০ মে। ফিতা কেটে কম্পিউটার ল্যাব উদ্বোধন করেন আইআইইউষ্ট্রির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। শরীয়া ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. শাকের আলম শাওক এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মাছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, ফিমেল ক্যাম্পাসের কো-অর্ডিনেটর ফারহানা ইয়াসমিন চৌধুরী, স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের অতিরিক্ত পরিচালক মুহাম্মদ মাহফুজুর রহমান, পারচেজ ডিভিশনের অতিরিক্ত পরিচালক ফয়সাল চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি বলেন, বাংলাদেশ দ্রুত উন্নতি করেছে তথ্যপ্রযুক্তির প্রতিটি ক্ষেত্রে। বিগত সাত বছরে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অভিযাত্রায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অভূতপূর্ব সম্প্রসারণ ঘটেছে। প্রযুক্তিভিত্তিক তথ্য ও সেবা পৌঁছে গেছে সাধারণ মানুষের দোরগোড়ায়। বিশেষজ্ঞরা তথ্যপ্রযুক্তিভিত্তিক এই অবিস্মরণীয় উন্নয়ন ও অগ্রগতিকে আখ্যায়িত করছেন ডিজিটাল নবজাগরণ হিসেবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী চিন্তা ও স্বপ্নের ফসল আজকের ডিজিটাল বাংলাদেশ। ডিজিটাল বাংলাদেশ নিয়ে যারা কটূক্তি করেছিল তারাও আজ ডিজিটাল বাংলাদেশের সুফলভোগি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সর্বক্ষেত্রেই খুলে দিয়েছে অপার সম্ভাবনার দ্বার। তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন তরুণ প্রজন্মের হাত ধরে বাংলাদেশ সমৃদ্ধির দিকে এগিয়ে যাবে। নতুন প্রজন্মকে তথ্যপ্রযুক্তি জ্ঞানে সমৃদ্ধ করার লক্ষ্যে সরকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষা চালু, মাল্টিমিডিয়া ক্লাশরুম প্রতিষ্ঠা, কম্পিউটার ল্যাব স্থাপন করেছে। কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে আইআইইউসি'র শিক্ষার্থীদের এগিয়ে নিতে ওয়ামীসহ বিভিন্ন সংস্থা সহযোগিতা দিতে প্রস্তুত রয়েছে। তিনি ওয়ামীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। বিজ্ঞপ্তি




কম্পিউটার ল্যাব উদ্বোধন করেন ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি ও ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ

Ref: Daily Purbodesh, Date: 05 June 2022, Page: 3, Col: 3
https://epurbodesh.com/index.php?date=05-06-2022&page=3